هَذَا بَيَانٌ لِلنَّاسِ وَهُدًى وَمَوْعِظَةٌ لِلْمُتَّقِينَ

(কুরআন ও সুন্নাহ্‌র আলোকে তাওহীদ, ঈমান, ইসলাম ও মানব জীবনের অপরিহার্য বিষয়াবলীর উপর দলীল-প্রমাণ নির্ভর বক্তব্যের এক অদ্বিতীয় সংকলন: 'এসো আল-াহর পথে' -১)

কিতাবুল ঈমান

শাইখুল হাদীস মুফতী মুহাম্মাদ জসীমুদ্দীন রাহমানী

পরিচালক:	মারকাজুল উলূম আল ইসলামিয়া, ঢাকা, বাংলাদেশ।
খতীব:	হাতেমবাগ জামে মসজিদ, ধানমন্ডি, ঢাকা।
সাবেক মুহাদ্দিস:	জামিয়া রাহমানিয়া আরাবিয়া, সাত মসজিদ মাদ্রাসা, মুহাম্মাদপুর, ঢাকা।
সাবেক শাইখুল হাদীস:	জামিয়া ইসলামিয়া মাহমুদিয়া, বরিশাল। মোবাইল: ০১৭১২১৪২৮৪৩

আল্ বায়ান পাবলিকেশন্স

ইসলামী টাওয়ার, ১১ বাংলাবাজার ঢাকা

মোবাইল: ০১৬৭৬৯১৩৬১৪, ০১৭৪০১৯২৪১১

কিতাবুল ঈমান

শাইখুল হাদীস মুফতী মুহাম্মাদ জসীমুদ্দীন রাহমান

সংকলন ও সম্পাদনা

মাওলানা মুহাম্মাদ ইসহাক খান

প্রকাশনায়: আল্ বায়ান পাবলিকেশন্স

মোবাইল: ০১৬৭৬৯১৩৬১৪, ০১৭৪০১৯২৪১১

প্রকাশকাল : মার্চ, ২০১১

নির্ধারিত মূল্য ঃ ১০০ (একশত) টাকা মাত্র

KITABUL EMAN
SHAIKH MUFTI JASHIMUDDIN RAHMANI
AL BAYAN PUBLICATIONS
FIXD PRICE : 100.00 TK. 5 DOLAR (US).

উপহার

আমার শ্রদ্ধেয়/স্নেহের... আসলাম উ ীন
ক...
....
....কে
‘কিতাবুল ঈমান’ বইখানা উপহার দিলাম।

উপহারদাতা

....
....
স্বাক্ষর
....
তারিখ
....

উৎসর্গ

কোন নেতৃত্ব, কর্তৃত্ব কিংবা জশ-খ্যাতির জন্যে নয়, একমাত্র আল-াহর সন্তুষ্টি অর্জনের জন্যই মহান আল-াহর সুস্পষ্ট ঘোষণা এবং রাসূলুল-াহ সা. অবশম্ভাব্য ভবিষ্যতবাণী ‘নবুওয়াতের আদলে আবারও ফিরে আসবে খিলাফত’ এই মহান সত্যকে বাস্ড়বে রূপ দিতে যারা খিলাফত প্রতিষ্ঠার সংগ্রামে সর্বাত্মক প্রচেষ্টায় নিয়োজিত -দীনের সেই সকল দায়ী ও কল্যাণকামীদের উদ্দেশ্যে।

প্রকাশকের আরয

সকল প্রশংসা মহান আল-াহ রাব্বুল আলামীনের জন্য। অত:পর দুরুদ ও সালাম বর্ষিত হোক প্রিয়নবী হযরত মুহাম্মাদ সা. এর প্রতি। যিনি এধরার বুকে এসেছিলেন রাহমাতুল লিল আলামীন হয়ে। বিশ্বমানবতাকে মানব রচিত মতবাদ আর মতাদর্শের জুলুম থেকে, মানুষকে মানুষের ইবাদাত আর গোলামী থেকে মুক্ত করে পরম করুণাময় এক আল-াহর ইবাদত আর গোলামীতে নিয়ে যাবার জন্য সারা জীবন অক্লান্ড় পরিশ্রম করেছেন।

বর্তমান বিশ্ব প্রেক্ষাপটে সারা পৃথিবী জুড়ে মুসলিমদের অবস্থা যে কি করুণ আর ভয়াবহ তা বিস্ড়রিত বলার অপেক্ষা রাখে না। মুসলিম উম্মাহর এই দূরাবস্থার পেছনে যে বিষয় গুলো প্রধান ভূমিকা রাখছে তার মধ্যে অন্যতম দু'টি বিষয় হচ্ছে, ১. দীন ইসলামকে নিছক ধর্মে রুপান্ড়র করা। ২. ইসলামের অন্যতম প্রধান কিছু পরিভাষা যেমন খিলাফত, বাইআত, ইমামত ইত্যাদির ভুল ব্যাখ্যা।

দেশীয় ও আন্ড়র্জাতিকভাবে অমুসলিম ও অনৈসলামিক শক্তি ইসলামকে দীন তথা একটি পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা থেকে ইহুদী-খৃষ্টানদের ধর্মের মতো নিছক কিছু রিচুয়েলস তথা আচার-অনুষ্ঠান সর্বস্ব ধর্মে রূপান্ড়রের মাধ্যমে ইসলামের সমাজ, রাষ্ট্র ও আন্ড়র্জাতিক রীতি-নীতি বিসর্জন দেয়ার জন্য তাদের সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। সাম্রাজ্যবাদী অপশক্তি এজন্য সর্বশক্তি নিয়োগ করেছে। অধিকাংশ মিডিয়া আর মাল্টিন্যাশনাল কোম্পানী গুলোও কাফিরদের এই প্রকল্প বাস্ড়বায়নে সহযোগিতা করে যাচ্ছে।

অপরদিকে খিলাফত, বাইআত, ইমামতসহ ইসলামের অন্যতম প্রধান পরিভাষা গুলোর ভুল ব্যাখ্যা দিয়ে তাকে গুটিকয় খানকাহ আর পীর-মুরিদী সিলসিলার মধ্যে বিসর্জন দেয়া হচ্ছে। অথচ খিলাফত ছিলো ইসলামের মূল শক্তি, বায়আতের মাধ্যমে মুসলিম উম্মাহকে এক খলীফার অধীনে ঐক্যবদ্ধ রেখে সারা বিশ্বের সকল বাতিল জীবনাদর্শের উপর দীন ইসলামকে বিজয়ী করার জন্য অপরিহার্য উপাদান।

মুসলিম উম্মাহ্র বর্তমান এই অধ:পতিত অবস্থা থেকে উত্তরণের জন্য ঈমান-আকীদা-তাওহীদ, কুফর-শিরক এবং তাগুতসহ উপরোক্ত বিষয় দু'টি সম্পর্কে সুস্পষ্ট ইলম অর্জনের কোন বিকল্প নেই।

এ লক্ষ্যে ব্যাপক মুসলিম জনসাধারণের কাছে এই বিষয় গুলোকে যথাযথভাবে তুলে ধরার জন্য বর্তমান আধুনিক যুগের প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া অকল্পনীয় ভূমিকা রাখতে পারে। কিন্তু দু:খজনক সত্য আর বাস্ড়বতা হলো, বর্তমান মিডিয়ার অধিকাংশই ইচ্ছা বা অনিচ্ছায় সেই সাম্রাজ্যবাদী আর তাগুতেরই দাসত্য করছে। যার ফলে মুসলিম উম্মাহ্ বঞ্চিত হচ্ছে সত্য ও সঠিক তথ্য থেকে। দূরে সরে যাচ্ছে তাওহীদ ও ঈমানের মূল জ্ঞান থেকে। ইসলামকে আবারো বিজয়ী করা ও আল-াহর দীন প্রতিষ্ঠার বিষয়কে ভাবতে শিখছে চরমপন্থা বা সন্ত্রাস হিসেবে।

এই দূরাবস্থা নিরসন ও ইসলামের সঠিক স্বরূপ জাতির সামনে তুলে ধরার জন্য একটি শক্তিশালী মিডিয়ার প্রয়োজন অনেক আগ থেকেই সমভাবে বিরাজমান ছিলো, এখনো আছে। দীনের এই প্রয়োজন পূরণ এবং মুসলিম উম্মাহর চিন্ড়ার স্ড়রকে আরো উন্নত করার জন্যই আমাদের একটি ক্ষুদ্র প্রচেষ্টার বহি:প্রকাশ হচ্ছে, আল্ বায়ান পাবলিকেশন্স।

মহান আল-াহ এবং তার প্রিয় রাসূলের অমীয় বাণী এবং দীন ইসলামের সুমহান আদর্শ সমগ্র বিশ্বে ছড়িয়ে দেয়ার জন্য এই পাবলিকেশন্স থেকে আমরা আমাদের সাধ্যানুযায়ী চেষ্টা করছি। যার প্রথম প্রকাশনা হচ্ছে বক্ষমান এই বই। ইনশাআল-াহ আমরা এধরণের প্রকাশনা অব্যাহত রাখার চেষ্টা করবো। তবে এজন্য প্রয়োজন হলো আপনাদের সকলের সর্বাত্মক আন্ড়রিক নেক দুয়া ও সহযোগীতা।

সচেতন পাঠকদের জন্য শাইখ মুফতী মুহাম্মাদ জসীমুদ্দীন রাহমানী সাহেবের পরিচয় নতুন করে দেয়ার প্রয়োজন আছে বলে মনে হয়না। আর যারা নতুন তারা এ বই পড়লেই তার সম্পর্কে ধারণা পাবেন।

শাইখের সীমাহীন ব্যস্ড়তা আর ধারাবাহিক সফরের মধ্যে খুবই স্বল্পতম সময়ে এক সাথে দু'টি বই বের করায় এতে স্বাভাবিকের তুলনায় একটু বেশীই বানান ও শব্দ বিভ্রাট থেকে যেতে পারে। তবে আকীদা ও কুরআন সুন্নাহর খেলাফ কোন বিষয় আশা করি এতে নেই। বইতে কোন ভুল-ত্রুটি দৃষ্টিগোচর হলে তা লেখকের নয়, প্রকাশকের বলে গ্রহণ করার ও সে ব্যাপারে আমাদেরকে অবগত করার অনুরোধ রইলো সবার প্রতি। এটি দীন দরদী ভাইদের জন্য একটি ছোট পরীক্ষাও বটে। দেখা যাক দীনের জন্য কার কাছ থেকে কতটুকু আন্ড়রিকতা পাওয়া যায়!

মহান আল-াহ আমাদের সবাইকে তার দীনের জন্য কবুল করুন - এই প্রত্যাশা ব্যক্ত করে এবারকার মতো আল-াহ হাফেজ।

-মাওলানা মুহাম্মাদ ইসহাক খান
আল্ বায়ান পাবলিকেশন্স

ভূমিকা

মহান আল-াহ সুবহানাহু ওয়া তা'আলা মানুষকে সৃষ্টি করেছেন তার ইবাদাত করার জন্য। ইরশাদ হচ্ছে,

وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْإِنْسَ إِلا لِيَعْبُدُونِ.

অর্থ: "আমি জীন এবং মানবজাতিকে সৃষ্টি করেছি একমাত্র আমার ইবাদত করার জন্য।" (সূরা যারিয়াত, আয়াত ৫৬)

আর ইবাদাত করার পূর্বে প্রয়োজন হলো যার ইবাদাত করবো তার সঠিক পরিচয় জানা এবং তার পছন্দ মতো ইবাদাত করা। এক্ষেত্রে তার সঙ্গে অন্য কিছুকে শরীক না করা। ইরশাদ হচ্ছে,

فَمَنْ كَانَ يَرْجُوا لِقَاءَ رَبِّهِ فَلْيَعْمَلْ عَمَلًا صَالِحًا وَلا يُشْرِكْ بِعِبَادَةِ رَبِّهِ أَحَدًا.

অর্থ: "সুতরাং যে তার রবের সাক্ষাত কামনা করে, সে যেন সৎকর্ম করে এবং তার রবের ইবাদতে কাউকে শরীক না করে।" (কাহফ, ১৮ঃ ১১০)

একারণেই ইবাদত কবুল হওয়ার জন্য দু'টি শর্ত রয়েছে। **এক.** إخلاص النية । **দুই.** إتباع السنة । إخلاص النية বা নিয়তকে বিশুদ্ধ করার অর্থ হচ্ছে ইবাদাতকে শিরক মুক্ত করে খালেসভাবে এক আল-াহকে সন্তুষ্ট করার উদ্দেশ্যে পেশ করা। ইরশাদ হচ্ছে,

وَمَا أُمِرُوا إِلا لِيَعْبُدُوا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ حُنَفَاءَ.

অর্থ: "তাদেরকে এ ছাড়া কোন হুকুমই দেয়া হয়নি যে, তারা খাঁটি মনে, একনিষ্ঠভাবে একমাত্র আল-াহর ইবাদত করবে।" (বাইয়্যিনাহ, ৯৮ঃ ৫)

দুই. إتباع السنة বা সুন্নাহর পূর্ণাঙ্গ অনুসরণ। অর্থাৎ যে কোনো ইবাদাত করার ক্ষেত্রে আল-াহ কর্তৃক প্রেরীত রাসূল সা. এর সুন্নাহ (বা আদর্শ) কে অনুসরণ করা। ইরশাদ হচ্ছে,

قُلْ إِنْ كُنْتُمْ تُحِبُّونَ اللَّهَ فَاتَّبِعُونِي يُحْبِبْكُمُ اللَّهُ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ وَاللَّهُ غَفُورٌ رَحِيمٌ.

অর্থ: "হে নবী! আপনি বলে দিন, যদি তোমরা মহান আল-াহর ভালোবাসা পেতে চাও, তাহলে আমার অনুসরণ করো। তাহলে মহান আল-াহ তোমাদেরকে ভালোবাসবেন, তোমাদের গুনাহ সমূহ মাফ করে দিবেন। আর আল-াহ তো সীমাহীন দয়াময় ও ক্ষমাশীল।" (আলে ইমরান, : ৩১)

এই দুই শর্ত পূরণ না করলে কোন ইবাদাত ই গ্রহণযোগ্য হবে না। কারণ প্রথম শর্ত ইখলাসের অবর্তমানে ইবাদাত টি শিরক যুক্ত হবে। আর শিরক যুক্ত ইবাদাত আল-াহ সুবহানাহু ওয়া তাআলা গ্রহণ করেন না। বরং যে ব্যক্তি শিরক করে মহান আল-াহ তার জন্য জান্নাতকে হারাম করে দিয়েছেন। ইরশাদ হচ্ছে,

إِنَّهُ مَنْ يُشْرِكْ بِاللَّهِ فَقَدْ حَرَّمَ اللَّهُ عَلَيْهِ الْجَنَّةَ.

অর্থ: "নিশ্চয় যে ব্যক্তি আল-াহ্র সাথে অংশীদার স্থির করে, আল-াহ্ তার জন্যে জান্নাত হারাম করে দেন। (মায়েদা, ৫ঃ ৭২)

পবিত্র কুরআনে মহান আল-াহ তা'আলা বহু নবীদের নাম উলে-খ করার পরে বলেছেন,

وَلَوْ أَشْرَكُوا لَحَبِطَ عَنْهُمْ مَا كَانُوا يَعْمَلُونَ.

অর্থ: "তারা যদি শিরক্ করতো তবে তাদের কৃতকর্ম নিস্ফল হত।" (সূরা আন'আম, আয়াত : ৮৮)

এমনকি আমাদের প্রিয় নবী মুহাম্মাদ সা. কে উদ্দেশ্য করেও আল-াহ সুবঃ ইরশাদ করেছেন,

لَئِنْ أَشْرَكْتَ لَيَحْبَطَنَّ عَمَلُكَ وَلَتَكُونَنَّ مِنَ الْخَاسِرِينَ.

অর্থ: "তোমার প্রতি এবং তোমার পূর্ববর্তীদের প্রতি অবশ্যই এই ওহী হয়েছে তুমি আল-াহর সাথে শরীক্ করলে তোমার আমল নিস্ফল হয়ে যাবে এবং অবশ্য তুমি হবে ক্ষতিগ্রস্থ।" (যুমার, ৩৯ঃ৬৫)

তাছাড়া আল-াহ সুবঃ আরও সুস্পষ্ট করে ঘোষণা করেছেন,

إِنَّ اللَّهَ لا يَغْفِرُ أَنْ يُشْرَكَ بِهِ وَيَغْفِرُ مَا دُونَ ذَلِكَ لِمَنْ يَشَاءُ.

অর্থ: "নি:সন্দেহে আল-াহ্ তাকে ক্ষমা করেন না, যে লোক তাঁর সাথে শরীক করে। তিনি ক্ষমা করেন এর নিম্ন পর্যায়ের পাপ, যার জন্য তিনি ইচছা করেন। (নিসা, ৪ঃ ৪৮)

আর দ্বিতীয় শর্ত তথা إتباع السنة এর অবর্তমানে যে ইবাদাত করা হয় সেটি হবে বিদ'আহ্।

আর এ বিষয়ে রাসূল সা. ইরশাদ করেছেন,

من أحدث في أمرنا هذا ما ليس منه فهو رد.

অর্থ: হযরত আয়শা রা. থেকে বর্ণিত, মহানবী সা. বলেছেন, "যে ব্যক্তি এই দীনের মাঝে নতুন কোন বিদ'আত প্রবেশ করাবে, সে আমার উম্মত নয়।" (সহীহ বুখারী, হাদীস নং ২৫৫০)

রাসূল সা. আরো ইরশাদ করেছেন,

وكل بدعة ضلالة وكل ضلالة فى النار.

অর্থ: "জাবের ইবনে আব্দুল-াহ রা. থেকে বর্ণিত, রাসূলুল-াহ সা. বলেছেন, "প্রত্যেক বিদ'আতই গোমরাহী, আর প্রত্যেক গোমরাহীরই নিশ্চিত পরিণাম হচ্ছে জাহান্নাম।" (সহীহ ইবনে খুজাইমান, নং ১৭৮৫)

সুতরাং রাসূলুল-াহ সা. এর তরীকার অনুসরণ ছাড়া কোন ইবাদাত করলে তা যত ভালো উদ্দেশ্যেই করা হোক না কোন মহান আল-াহর কাছে গ্রহণযোগ্য হবে না। মনে কর ন, জোহরের ফরজ সালাত চার রাকাত। আসরের সালাত চার রাকাত। ইশার সালাতও চার রাকাত। মাঝ খানে মাগরিবের সালাত তিন রাকাত। এখন কেউ যদি মাগরিবের সালাতকেও পূর্ণ খুশু-খুযূ ও ইখলাসের সাথে চার রাকাত পড়ে তাহলে তার এই সালাত কি আদায় হবে? মোটেই নয়। এ বিষয়টি যেমন সকলের কাছে স্পষ্ট তেমনিভাবে আল-াহ সুবঃ এর যে কোনো ইবাদতের ক্ষেত্রেই ইখলাস ও রাসূলের অনুসরণ ছাড়া তা গ্রহণ যোগ্য হবে না।

কিন্তু অত্যন্ড় পরিতাপের বিষয় যে, আমরা লক্ষ্য করছি এদেশের দীনদার ও ধার্মিক লোকদের অনেকেও শিরক ও বিদ'আতে জর্জরিত। যেমনটি স্বয়ং মহান আল-াহ সুবঃ ইরশাদ করেছেন,

وَمَا يُؤْمِنُ أَكْثَرُهُمْ بِاللَّهِ إِلا وَهُمْ مُشْرِكُونَ

অর্থ: "তাদের অধিকাংশ আল-াহর প্রতি বিশ্বাস করে, তবে (ইবাদাতে) শির্ক করা অবস্থায়।" (সুরা আল ইউসুফ ১২:১০৬)

রাষ্ট্র থেকে দীন তথা ইসলামী জীবন ব্যবস্থাকে আলাদা করে বহু ইলাহ ও বহু রবের ইবাদাতের রাস্ড় খোলা হয়েছে। এরপরে রাষ্ট্রীয় এবং ধর্মীয় উভয় ক্ষেত্রেই শিরক এবং বিদ'আত ঢোকানো হয়েছে। রাষ্ট্রীয় শিরক ও বিদ'আত যেমনঃ জনগণ সমস্ড় ক্ষমতার মালিক, সংসদকে স্বার্বভৌম ক্ষমতার কেন্দ্রবিন্দু মনে করা, প্রয়োজনে আল-াহর আইনকে বাতিল করে বিকল্প আইন তৈরীর ক্ষমতা দেয়া, মানব রচিত আইনে বিচার-ফায়সালা করা এবং সে আইন মানতে জনগণকে বাধ্য করা, রাস্ড়ার মোড়ে মোড়ে মূর্তি তৈরী করা, স্কুল-কলেজ-ইউনিভার্সিটির সামনে মূর্তি তৈরী করা, মূর্তির সামনে নীরবে দাঁড়িয়ে সম্মান প্রদর্শন করা, নগ্ন পায়ে হেটে যাওয়া, মূর্তিকে ফূল দেয়া, শিখা চিরন্ড়ন, শিখা অনির্বাণের নামে অগ্নি পূজা করা। তাছাড়া প্যারেড করার সময় রাসূলের সুন্নাহ রাইট-লেফট (ডান-বাম) না বলে শয়তানের সুন্নাহ (লেফ্‌ট-রাইট) বাম-ডান বলা, যাতায়াতের ক্ষেত্রে রাস্ড়ার ডান দিকের পরিবর্তে বাম দিক ব্যবহার করা ইত্যাদি রাষ্ট্রীয় শিরক ও বিদ'আত।

অপরদিকে ধর্মীয় শিরক ও বিদ'আত হচ্ছে মুসলিম জাতীর খিলাফাহ ও বাইআতের মতো গুর ত্বপূর্ণ জাতীয় ও রাষ্ট্রীয় বিষয়কে ব্যক্তি পর্যায়ে এনে পীর প্রথা চালু করে গোটা মুসলিম উম্মাহকে এক খলীফা বা ইমামের অধীনে ঐক্যবদ্ধ হওয়ার পথকে স্থায়ীভাবে র দ্ধ করে দিয়ে বিভিন্ন দল-উপদল, ফেরকা, মনগড়া তরীকা ইত্যাদিতে বিভক্ত করা। পীরদের নামে বিভিন্ন তরীকা তৈরী করা। তাছাড়া কবর পূঁজা, মাজার পূঁজা, পীর পূঁজা, কুমির পূঁজা, কচ্ছপ পূঁজা, পাথর পূঁজা, কবরে ফুল দেয়া, টাকা-পয়সা, আগরবাতি-মোমবাতি দেয়া, এমনকি সেজদা করা ও প্রার্থনা করা আইয়্যামে জাহেলিয়্যাতকেও হার মানিয়েছে। পীর-বুজুর্গ আর খাজাবাবা, গাঁজা বাবা, লেংটা বাবাদেরকে গাউছ, কুতুব, আবদাল, আকতাব, আওতাদ, বান্দানেওয়াজ, গরীব নেওয়াজ, আতাবখশ্, গঞ্জেবখশ, গাউছুল আজম ইত্যাদি উপাধি দিয়ে তাদেরকে এবং নবী, ফিরিশতা, ওলী-আউলিয়া, সাধু-স্বজনদেরকে সকল প্রয়োজন পূরণকারী, তাদেরকে আল-াহ এবং বান্দার মধ্যে "মাধ্যম" সাব্যস্ড় করে তাদেরকে ক্ষমতার

অধিকারী, হেদায়াত দানকারী এবং ইলাহী ব্যবস্থাপনার মধ্যে পরিবর্তন ও সংযোজন করার অধিকারী বিশ্বাস করে তাদেরকে রবের আসনে বসানো। এ চিত্রটিই মহান আল-াহ পবিত্র কুরআনে এভাবে তুলে ধরেছেন,

اتَّخَذُوا أَحْبَارَهُمْ وَرُهْبَانَهُمْ أَرْبَابًا مِنْ دُونِ اللَّهِ.

অর্থ: "তারা তাদের ধর্মীয় পন্ডিত ও সংসার-বিরাগীদিগকে তাদের রব হিসেবে গ্রহণ করেছে আল-াহ্ ব্যতীত।" (তাওবা : ৩১)

অথচ মহান আল-াহ ইরশাদ করেছেন,

وَقَالَ اللَّهُ لا تَتَّخِذُوا إِلَهَيْنِ اثْنَيْنِ إِنَّمَا هُوَ إِلَهٌ وَاحِدٌ فَإِيَّايَ فَارْهَبُونِ

অর্থ: "আলণ্ডাহ বললেন: তোমরা দুই ইলাহ গ্রহণ করো না, তোমাদের ইলাহ তো মাত্র একজনই। অতএব আমাকেই ভয় কর।" (নাহল : ৫১)

ইসলামের সঠিক শিক্ষার অবর্তমানে সৃষ্ট এই নারকীয় পরিস্থিতি হতে মুক্তি পেতে হলে সকল প্রকার তাগুত ও বহু ইলাহ-বহু রবের ইবাদাত এবং তাদের তৈরী করা তন্ত্র-মন্ত্র ও সকল বিধান বাতিল করে ওহীর বিধান কায়েম করতে হবে। ফিরে আসতে হবে এক আল-াহর ইবাদাতের দিকে। আঁকড়ে ধরতে হবে কুরআন-সুন্নাহকে। কায়েম করতে হবে খিলাফাহ 'আলা মিন্হাজিন নুবুওয়্যাহ। সেই মহান উদ্দেশ্যকে বাস্ড়বায়ন করার দৃঢ় প্রত্যয় নিয়েই এই সিরিজ প্রকাশনার সূচনা। মহান আল-াহ সুবহানাহু ওয়া তা'আলা আমাদের এই ক্ষুদ্র মেহনতকে কবুল করে তার খাস বান্দাদের অন্ড়র্ভুক্ত হওয়ার তাওফীক দিন, আমীন।

تَعَالَوْا إِلَى كَلِمَةٍ سَوَاءٍ بَيْنَنَا وَبَيْنَكُمْ أَلا نَعْبُدَ إِلا اللَّهَ وَلا نُشْرِكَ بِهِ شَيْئًا وَلا يَتَّخِذَ بَعْضُنَا بَعْضًا أَرْبَابًا مِنْ دُونِ اللَّهِ

অর্থ: "আসুন! আমরা অন্ড়ত: একটি বিষয়ের ব্যাপারে একমত হই যে, - যা আমাদের মধ্যে ও তোমাদের মধ্যে সমান- যে, আমরা এক আল-াহ্ ছাড়া অন্য কারও ইবাদত করব না, তাঁর সাথে কোন শরীক সাব্যস্ড় করব না এবং একমাত্র আল-াহ্কে ছাড়া কাউকে 'রব' বানাবো না।" (সূরা আলে ইমরান : ৬৪)

-মুহাম্মাদ জসীমুদ্দীন রাহমানী

পরিচালক: মারকাজুল উলূম আল ইসলামিয়া, ঢাকা, বাংলাদেশ।

মোবাইল: ০১৭১২১৪২৮৪৩।

সূচীপত্র

فَمَنْ يَكْفُرْ بِالطَّاغُوتِ وَيُؤْمِنْ بِاللَّهِ فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ الْوُثْقَى

অর্থ: "যে ব্যক্তি তাগুতকে অস্বীকার করলো এবং আল-াহর প্রতি ঈমান আনলো, সে তো মজবুত ও শক্ত এক রজ্জুকে আকড়ে ধরলো।" (সূরা বাক্বারাহ, আয়াত: ২৫৬)

معرفة الله আল-াহর পরিচয়

রবের পরিচয় ও মানুষের অঙ্গীকার

আমরা সকলেই বলি যে, আমরা আল-াহকে বিশ্বাস করি। এর মানে কি? তাই আমরা প্রথমেই আলোচনা করবো 'আল-াহ বিশ্বাস করা'-র অর্থ নিয়ে। কুরআনুল কারীমের সূরা বাকারার ৮ নাম্বার আয়াতে মহান আল-াহ তাআলা বলেন,

وَمِنَ النَّاسِ مَنْ يَقُولُ آمَنَّا بِاللَّهِ وَبِالْيَوْمِ الْآخِرِ وَمَا هُمْ بِمُؤْمِنِينَ.

অর্থ: "মানুষের মধ্যে এমন কিছু লোক আছে যারা বলে যে, আমরা আল-াহর উপর ঈমান এনেছি, (আমরা তাকে বিশ্বাস করি) কিয়ামতকে বিশ্বাস করি; কিন্তু তারা মুমিন নয়।" (সূরা বাকারা, আয়াত ০৮)

এই আয়াতে মহান আল-াহ তাআলা নিজেদেরকে ঈমানদ্বার দাবীকারী কিছু লোকের ব্যাপারে বলছেন যে ওরা মুমিন নয়, ওরা মুনাফিক। পবিত্র কুরআনে মহান আল-াহ তাআলা মুনাফিকদের আলোচনা শুর"ই করেছেন মূলত: এই আয়াত দিয়ে। এর আগে কুরআনুল কারীমের সূরা বাকারার প্রথম পাঁচটি আয়াত হচ্ছে মুমিন সম্পর্কে। তার পরের ২টি আয়াত কাফিরদের সম্পর্কে। তার পরের ১৩ টি আয়াত নাযিল হয়েছে মুনাফিকদের সম্পর্কে। তাহলে বুঝা যাচ্ছে যে, সবচেয়ে ভয়াবহ হচ্ছে মুনাফিক। কাফিরের চেয়েও ভয়াবহ হচ্ছে মুনাফিক।

কুরআনুল কারীমে কাফিরদের নামে একটি সূরা নাযিল হয়েছে কাফির"ন -যা মাত্র ৬ আয়াতের। একইভাবে মুনাফিকদের নামেও একটি সূরা নাযিল হয়েছে মুনাফিকুন -যা প্রায় দেড় পৃষ্ঠা। যার আয়াত সংখ্যা ১১। সূতরাং

বুঝা গেলো যে মুনাফিকরা হচ্ছে সবচেয়ে ভয়াবহ। আমাদের বুঝতে হবে যে, আমরা আবার এই মুনাফিকদের দলে পরে যাই কি না?

এজন্যই আমরা আলোচনা টি শুর" করবো 'আল-াহকে বিশ্বাস করা' না করা নিয়ে। প্রথমেই আসুন জেনে নেয়া যাক আল-াহকে বিশ্বাস করার অর্থ কি?

আল-াহকে বিশ্বাস করা সম্পর্কে আমরা কুরআন এবং হাদীস থেকে যতটুকু ধারণা পাই তাতে দুটি বিষয় আসে।

১) আল-াহকে বিশ্বাস করার অর্থ হলো আল-াহর উযুদ বা আল-াহ আছেন এবং তার অস্তিত্বকে বিশ্বাস করা। সংক্ষেপে যাকে বলে তাওহীদ।

২) আল-াহর ওয়াহদানিয়াত বা এককত্বে বিশ্বাস করা।

আল-াহর এই এককত্ব তিনভাবে পাওয়া যায়। ১. উলূহিয়্যাত। ইবাদতের ক্ষেত্রে তাওহীদ বা আল-াহর এককত্ব বজায় রাখা। ২. র"বুবিয়্যাত। র"বুবিয়্যাতের ক্ষেত্রে একত্ববাদকে বজায় রাখা। ৩. আল আসমা ও সিফাত। আসমাউস সিফাতের ক্ষেত্রে একত্ববাদকে বজায় রাখা।

আমরা আজকে যেই বিষয়টি নিয়ে আলোচনা করছি তা হচ্ছে উযুদে বারি তাআলা বা আল-াহর অস্তিত্ব। মহান আল-াহ তা'আলা পবিত্র কালামে মাজীদে সুস্পষ্টভাবে ঘোষণা করে দিয়েছেন,

وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْإِنْسَ إِلا لِيَعْبُدُونِ.

অর্থ: "আমি জীন এবং মানবজাতিকে সৃষ্টি করেছি একমাত্র আমার ইবাদত করার জন্য।" (সূরা যারিয়াত, আয়াত ৫৬)

এই আয়াতে আল-াহ বলছেন যে, তিনি মানব জাতিকে সৃষ্টি করেছেন তার ইবাদত, আনুগত্য, দাসত্য করার জন্য। এখন আমরা যারা মহান আল-াহর দাসত্ব করবো, তাকে তো আগে চিনতে হবে। না চিনে কিভাবে আল-াহ তাআলার ইবাদত করবো? কিভাবে তার গোলামী ও দাসত্য করবো? এজন্য আল-াহর পরিচয় লাভ করা এটা ঈমান আনার জন্য প্রথম শর্ত। কে সে আমরা যার ইবাদত করবো?

আল-াহ রাব্বুল আলামীনও এই বিষয়টিকে গুর“ত্ব দিয়েছেন। মানব জাতিকে সৃষ্টি করে পৃথিবীতে পাঠাবার আগেই রূহ গুলোকে একত্রিত করে এ উপলক্ষ্যে বিশাল এক সমাবেশ করলেন। যেখানে হযরত আদম আ. থেকে শুর“ করে কিয়ামত পর্যন্ড় যে মানুষেরা পৃথিবীতে জন্মগ্রহণ করবে সকলকেই সেই সমাবেশে অংশ গ্রহণ করতে বাধ্য করেছেন। কুরআনুল কারীমে সূরা আরাফের ১৭২-১৭৩ নাম্বার আয়াতে আল-াহ ইরশাদ করেন:

وَإِذْ أَخَذَ رَبُّكَ مِنْ بَنِي آدَمَ مِنْ ظُهُورِهِمْ ذُرِّيَّتَهُمْ وَأَشْهَدَهُمْ عَلَى أَنْفُسِهِمْ أَلَسْتُ بِرَبِّكُمْ قَالُوا بَلَى شَهِدْنَا أَنْ تَقُولُوا يَوْمَ الْقِيَامَةِ إِنَّا كُنَّا عَنْ هَذَا غَافِلِينَ

অর্থ: "আর স্মরণ করো সেই সময়ের কথা, যখন তোমার রব হযরত আদম আ. এর পিঠের থেকে তার সন্ড়ানদের র“হ গুলোকে বের করলেন। আবার সেই সন্ড়ানদের পিঠের থেকে তাদের সন্ড়ানদের এইভাবে সকলের র“হ গুলোকে বের করলেন। এরপর তাদের উপরে তাদের নিজেদেরকে সাক্ষ্য বানালেন। এরপর তিনি তাদেরকে লক্ষ্য করে বললেন, أَلَسْتُ بِرَبِّكُمْ আমি কি তোমাদের রব নই? তখন সকলে সমস্বরে ঘোষণা করলো, অবশ্যই অবশ্যই আপনি আমাদের রব এবং আমরা এর সাক্ষ্য দিচ্ছি। (মহান আল-াহ বললেন) আমি এটা এজন্য করেছিলাম যাতে করে তোমরা কিয়ামতের দিন একথা বলতে না পারো যে, (আপনি যে আমাদের রব) আমরা এসম্পর্কে জানতাম না, অজ্ঞ ছিলাম।" (সূরা আরাফ :১৭২)

এই আয়াতে مِنْ ظُهُورِهِمْ দ্বারা হযরত আদম আ. এর পিঠের থেকে এবং তাদের পিঠের থেকে এমন করে ধারাবাহিকভাবে যত মানুষ জন্ম নিবে সকলকেই উদ্দেশ্য করা হয়েছে। তারপর আল-াহ তাআলা সেই মহা সমাবেশে তাদের সামনে নিজের পরিচয় দিলেন, তাদেরকে তাদের রব আল-াহ সম্পর্কে ধারণা দিলেন এরপর তাদেরকে পরীক্ষা নিলেন এবং তাদের নিজেদের ব্যাপারে নিজেদেরকে সাক্ষী বানালেন। এজন্য তাদেরকে জিজ্ঞেস করলেন, أَلَسْتُ بِرَبِّكُمْ আমি কি তোমাদের রব নই? তখন তারা

সকলে উত্তর দিয়েছিলো, قَالُوا بَلَى شَهِدْنَا সব লোকেরা বললো অবশ্যই অবশ্যই আপনি আমাদের রব এবং আমরা এর সাক্ষ্য দিচ্ছি।

আরবীতে কোন কিছু স্বীকার করা, সাক্ষ্য দেয়া দু'টি শব্দ ব্যবহৃত হয়। একটি হচ্ছে بَلَى আর অপরটি হচ্ছে نعم । এই দুটির মাঝে পার্থক্য হচ্ছে। যখন কোন বিষয়কে প্রমাণ সহকারে ব্যক্ত করা হয় তখন বলা হয় بَلَى। তার মানে অবশ্যই আপনি আমাদের রব। কেনই বা আপনি আমাদের রব হবেন না। شهدنا আমরা সাক্ষ্য দিচ্ছি। আল-াহ তাআলা বলছেন যে এই সাক্ষ্য আমি কেন নিলাম?

أَنْ تَقُولُوا يَوْمَ الْقِيَامَةِ إِنَّا كُنَّا عَنْ هَذَا غَافِلِينَ.

অর্থ: "যাতে করে কিয়ামতের দিন এটা বলতে না পারো যে আমরা তো এ সম্পর্কে গাফেল ও অজ্ঞ ছিলাম। (আপনি যে আমাদের রব তা আমরা জানতাম না।)" (সূরা আরাফ, আয়াত ১৭২)

অথবা যাতে তোমরা একথা বলতে না পারো,

أَوْ تَقُولُوا إِنَّمَا أَشْرَكَ آبَاؤُنَا مِنْ قَبْلُ وَكُنَّا ذُرِّيَّةً مِنْ بَعْدِهِمْ أَفَتُهْلِكُنَا بِمَا فَعَلَ الْمُبْطِلُونَ

অর্থ: "আমাদের পিতৃপুর“ষরা আগে শিরক করেছে। আমরা তো তাদের পরবর্তী তাদের সন্ড়ান ছিলাম তাদের অনুসরণ করেছি মাত্র। আপনি কি আমাদেরকে আমাদের পূর্ববর্তী বাপ-দাদারা আগে যেই শিরক করেছে সেই পূর্ববর্তী বাতিলদের অন্যায়ের কারণে শাস্ড়ি দিবেন?" (সূরা আরাফ, আয়াত ১৭৩) এই অভিযোগ যাতে না করতে পারো সেজন্য তোমাদের নিজেদেরকেই নিজেদের ব্যাপারে সাক্ষী বানালাম।

এই আয়াতের মাধ্যমে আরো একটি বিষয় পরিস্কার হয়, তা হলো পূর্ববর্তী লোকেরা দলীল নয়। দলীল হবে কুরআন এবং সুন্নাহ। যে কোন ব্যাপারে মতানৈক্য দেখা দিলে সে বিষয়ে মহান আল-াহ এবং তার রাসূলের দিকে যেতে হবে। কুরআন এবং হাদীসের সমাধান মানতে হবে। যেমন অন্য আয়াতে ইরশাদ হয়েছেঃ

فَإِنْ تَنَازَعْتُمْ فِي شَيْءٍ فَرُدُّوهُ إِلَى اللَّهِ وَالرَّسُولِ إِنْ كُنْتُمْ تُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ ذَلِكَ خَيْرٌ وَأَحْسَنُ تَأْوِيلًا

অর্থঃ "হে ঈমানদারগণ! তোমরা আল-াহর অনুসরণ করো এবং তোমাদের মধ্যকার আল-াহর রাসূলের অনুসরণ করো এবং উলিল আমরদের। অতঃপর যদি কোন বিষয়ে তোমাদের মাঝে বিরোধ দেখা দেয় তাহলে তার ফায়সালা ও সমাধানের জন্য তোমরা আল-াহ এবং তাঁর রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম -এর দিকে প্রত্যাবর্তন কর। যদি তোমরা আল-াহ এবং শেষ দিবসে বিশ্বাসী হয়ে থাকো।" (সূরা নিসা, আয়াত ৫৯)

একইভাবে মহানবী সা. বিদায় হজ্জের ভাষণেও কয়েক স্থানে বার বার বলেছেন,

و حَدَّثَنِي عَنْ مَالِك أَنَّهُ بَلَغَهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ تَرَكْتُ فِيكُمْ أَمْرَيْنِ لَنْ تَضِلُّوا مَا تَمَسَّكْتُمْ بِهِمَا كِتَابَ اللَّهِ وَسُنَّةَ نَبِيِّهِ. موطأ مالك لمالك بن أنس

অর্থ:- রাসূল (সাঃ) এরশাদ করেছেনঃ "আমি তোমাদের মাঝে দু'টি জিনিস রেখে গেলাম। তোমরা যতক্ষণ এগুলোকে আঁকড়ে ধরে থাকবে ততক্ষণ তোমরা পথভ্রষ্ট হবে না। একটি হলো আল-াহর কিতাব, আরেকটি হলো তাঁর নবীর সুন্নাহ্।"(মুআত্তা মালেক: ৩৩৩৮ তাকদীর অধ্যায়: ৩ নং হাদিস যয়িফ সনদে)

عن أبي هريرة رضى الله تعالى عنه قال قال رسول الله صلى الله عليه وسلم إني قد تركت فيكم شيئين لن تضلوا بعدهما كتاب الله وسنتي.

অর্থ: "আবু হুরায়রা (রাঃ) বলেন: রাসুল (সাঃ) বলেছেন: আমি তোমাদের মধ্যে এমন দুইটি জিনিস রেখে যাচ্ছি যে, যদি তোমরা এর উপর আমল কর তবে কখনো গোমরাহ হবে না। প্রথমত: আল-াহর কিতাব। দ্বিতীয়: আমার সুন্নাহ।" (মুসতারাকে হাকেম -৩১৯, হাকেম সহীহ সনদে, সহীহ আল জামেউস সাগীর : ২৯৩৪)

এটা বর্তমানেও অনেক সময় হয়ে থাকে। যখন কোন বিতর্কিত বিষয়ে কুরআন ও সুন্নাহ থেকে সমাধান দেয়া হয় তখন অনেকে সেই কুরআন ও সুন্নাহর সমাধান না নিয়ে বরং সে ব্যাপারে নিজেদের পূর্ববর্তীদেরকে কিংবা কোন বড় আলেম, হুজুরকে দলীল হিসেবে সামনে নিয়ে আসেন। তারা বলেন যে, আরে আপনারা কি বেশি বুঝেন। এতো বড় বড় আলেমগণ কি বুঝেন নি? ইত্যাদি।

এজন্যই মহান আল-াহ তাআলা দুনিয়াতে আসার আগেই আমাদের থেকে এব্যাপারে অঙ্গীকার নিলেন। أَلَسْتُ بِرَبِّكُمْ আমি কি তোমাদের রব নই? তখন তারা সকলে উত্তর দিয়েছিলো, قَالُوا بَلَى شَهِدْنَا সব লোকেরা বললো অবশ্যই অবশ্যই আপনি আমাদের রব এবং আমরা এর সাক্ষ্য দিচ্ছি এবং বিষয়টি যথাযথভাবে পবিত্র কুরআনেও উলে-খ করে আমাদেরকে স্মরণ করিয়ে দিয়েছেন।

এভাবে আল-াহ তা'আলা রূহের জগতে মানুষদের থেকে সাক্ষ্য আদায় করলেন। যাতে করে দুনিয়াতে আসার পরে আল-াহর অস্তিত্বকে অস্বীকার করতে না পারে। অত:পর আল-াহ তাআলা মানুষকে দুনিয়াতে পাঠিয়ে দিলেন এবং দুনিয়াতে তাদের জন্য কিছু ইবাদত নির্ধারণ করে দিলেন। তার মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ ইবাদতের নাম হচ্ছে সালাত বা নামাজ। সেই সলাতের মধ্যে একটা সূরাকে নির্দিষ্ট করে দিলেন যা না পড়লে নামাজ হবে না। সেই সূরার নাম কি? সেই সূরার নাম হচ্ছে সূরা ফাতিহা। রাসূলুল-াহ সা. ইরশাদ করেন,

حدثنا علي بن عبد الله قال حدثنا سفيان قال حدثنا الزهري عن محمود بن الربيع عن عبادة بن الصامت أن الرسول الله صلى الله عليه و سلم قال لا صلاة لمن لم يقرأ بفاتحة الكتاب (صحيح البخاري : 723)

অর্থ: "হযরত উবাদা ইবনুস সামিত রা. থেকে বর্ণিত, মহানবী সা. বলেছেন, যেই ব্যক্তি তার নামাজে সূরায়ে ফাতিহা না পড়বে তার নামাজ হবে না।" (সহীহ বুখারী, ৭২৩)

এই হাদীসের উপর ভিত্তি করে ইমাম আবূ হানীফা রহ. বলেন যে, নামাজে সূরায়ে ফাতেহা পড়া ওয়াজিব। যদি কেউ না পড়ে তাহলে নামাজ দোহরাতে হবে। অন্য ইমামরা বলেছেন ফরজ সূরায়ে ফাতেহা না পড়লে

নামাজই হবে না। উদ্দেশ্য একই, তাহলো এই সূরার গুরুত্ব বুঝানো। আল-াহর রাসূল সা. এই সূরার এতো গুরুত্ব দিলেন কেন? কি রয়েছে এই সূরার মধ্যে যা না পড়লে নামাজই হবে না?

এই সূরাকে বলা হয় উম্মুল কুরআন। তাফসীরের কিতাবে লিখে আল-াহ রাব্বুল আলামীন হযরত আদম আ. থেকে হযরত মুহাম্মাদ সা. পর্যন্ত রাসূলদের প্রতি যত কিতাব নাযিল করেছেন সমস্ত কিতাবের সার মর্ম হচ্ছে আল কুরআনুল কারীম। আর কুরআনুল কারীমে যা কিছু রয়েছে তার মূল হলো সূরায়ে ফাতিহা। আর সূরায়ে ফাতিহায় যা কিছু রয়েছে তার মূল সার মর্ম হচ্ছে একটি আয়াত সেটি হলো

إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ.

অর্থ: "আপনারই আমরা ইবাদাত করি, এবং আপনারই নিকট সাহায্য চাই।" (সূরায়ে ফাতিহা, আয়াত ৪)

সূরায়ে ফাতিহা যেই আয়াত দ্বারা শুরু বা তার প্রথম আয়াত

الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ.

অর্থ: "সকল প্রশংসা সেই আল-াহর জন্য যিনি জগত সমূহের জাহানের রব।" এই সূরায়ে রবের পরিচয় আছে। এই আয়াতটির মাঝেই আল-াহ তা'আলার পরিচয় রয়েছে। আবার যখন আমরা রুকুতে যাই তখন তাসবীহ পড়ি, বলি-

سبحان ربى العظيم

অর্থ: "আমার মহান রবের পবিত্রতা ঘোষণা করছি।" এখানেও রবের প্রশংসা করা হচ্ছে। আবার যখন আমরা রুকু হতে সোজা হয়ে দাঁড়াই তখন পাঠ করি ربنا لك الحمد হে আমাদের প্রতিপালক, তোমার জন্যই সকল প্রশংসা। এখানেও রবের প্রশংসা করা হচ্ছে। আবার যখন সিজদায় যাই, তখন পাঠ করি سبحان ربى الأعلى অর্থ: আমার সুমহান রবের পবিত্রতা ঘোষণা করছি।

এর অর্থ হচ্ছে, নামাজে দাঁড়ানো অবস্থায় রব, রুকু অবস্থায় রব, রুকু থেকে দাঁড়িয়ে রব, সিজদায় গিয়ে রব। সব স্থানেই রবের আলোচনা হচ্ছে। দুনিয়াতে আসার আগেও রবের স্বীকৃতি দেয়া হয়েছিলো।

দুনিয়াতেও সব জায়গাতেই রবের স্বীকৃতি দেয়া হচ্ছে। দুনিয়া থেকে যাওয়ার পরে আখেরাতের সফর শুরু হবে। আখেরাতের সফরের প্রথম ঘাটি হচ্ছে কবর। সেই কবরে তিনটি প্রশ্ন করা হবে। তার মধ্যে সর্ব প্রথম প্রশ্ন হচ্ছে, من ربك؟ তোমার রব কে? জীবনে তুমি কাকে রব হিসেবে গ্রহণ করেছো? তোমার রব কি কোন শাসক, না ফিরআউন না নমরুদ না হামান? নাকি কোন নেতা-নেত্রী। কোন জনক বা ঘোষক তোমার রব ছিলো কি না?

যখন আমাদেরকে প্রশ্ন করা হবে من ربك؟ তোমার রব কে? তখন আমরা কি জবাব দিবো? রবকেই তো চিনি না। সুতরাং বোঝা যাচ্ছে রবের অস্তিত্বের বিষয়টি জানা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়।

আল-াহ রাব্বুল আলামীন দুনিয়াতে পাঠানোর আগে পরীক্ষা নিলেন,

ألست بربكم؟... আমি কি তোমাদের রব নই?

এরপর দুনিয়াতে আসার পরে সবচেয়ে গুরুত্বপূর্ণ ইবাদত সালাতের মধ্যে দাঁড়ানো অবস্থায়, রুকু অবস্থায়, সিজদা অবস্থায় সব জায়গাতেই রবের আলোচনা করা হচ্ছে। আখেরাতের প্রথম ঘাটি কবরেও প্রথম প্রশ্ন করা হবে রব সম্পর্কে। সুতরাং রব সংক্রান্ত বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ কি না? এই রবের পরিচয় নিয়েই আজকে আমাদের আলোচনা হচ্ছে।

আল-াহ রাব্বুল আলামীন রবের পরিচয় কুরআন শরীফে উলে-খ করে দিয়েছেন। সূরা ত্বহা এর ৫০ নং আয়াতে। এই সূরায় ফিরআউনের কাছে হযরত মূসা আ. এর দীনের দাওয়াত দেয়ার ঘটনা বর্ণনা করা হয়েছে। মহান আল-াহ হযরত মূসা আ. এবং হারুণ আ. কে বললেন,

اذْهَبَا إِلَى فِرْعَوْنَ إِنَّهُ طَغَى.

অর্থ: "তোমরা যাও (যেই ফিরআউন নিজেই নিজেকে রব বলে দাবী করেছে সেই) ফিরআউনের কাছে, গিয়ে তাকে আমি রবের দাওয়াত দাও।" (সূরা ত্বহা, আয়াত ৪৩)

হযরত মূসা আ. যখন ফিরআউনের কাছে গিয়ে তাকে রবের দাওয়াত দিলেন তখন ফিরআউন হযরত মূসা আ. কে জিজ্ঞেস করলো,

قَالَ فَمَنْ رَبُّكُمَا يَا مُوسَى.

অর্থ: "হে মূসা কে তোমার রব? (কি তার পরিচয়?)" (সূরা ত্বহা, আয়াত ৪৯)

কারণ রবের একটা অর্থ যে, প্রতিপালক, লালন-পালন করা সেটা ফিরআউনও বুঝতো। তো হযরত মূসা আ. যেহেতু ফিরআউনের ঘরেই লালিত-পালিত হয়েছিলেন তাই ফিরআউন জানতে চাইলো সে ছাড়া আর কে আছে রব। অর্থাৎ ফিরআউন এটাই বলতে চাচ্ছিলো যে, তোমার রব তো আমিই। তুমি অন্য কোন রবের দাওয়াত দিচ্ছো?

মহান আল-াহ হযরত মূসা আ. কে ফিরআউনকে বুঝানোর জন্য রবের যেই সংজ্ঞা শিখিয়েছিলেন, আমাদেরকে বুঝাবার জন্য সেটিই জানিয়ে দিয়েছেন। কুরআনুল কারীমে ইরশাদ হচ্ছে:

قَالَ رَبُّنَا الَّذِي أَعْطَى كُلَّ شَيْءٍ خَلْقَهُ ثُمَّ هَدَى.

অর্থ: "হযরত মূসা আ. বললেন, আমার রব হচ্ছেন তিনি, যিনি সকল মাখলুকাতকে সৃষ্টি করেছেন এরপর সৃষ্টি থেকে পূর্ণতায় পৌছানো পর্যন্ড় প্রয়োজনীয় সকল কিছুর যিনি ব্যবস্থা করে দেন।" (সূরা ত্বহা : ৫০)

অর্থাৎ প্রত্যেক বস্তুর জীবন-যাপনের পদ্ধতি যিনি শিক্ষাদান করেছেন, জীবনের পদে পদে যা যা তাদের লাগবে তার সব যিনি পূরণ করেন, ব্যবস্থা করেন তিনিই হচ্ছেন রব।

এর উদাহরণ হিসেবে আমরা বলতে পারি, মানুষ যখন তার মায়ের পেটে আসে তখন মহান আল-াহ কিভাবে এক ফোঁটা পানি থেকে তাকে বিভিন্ন প্রক্রিয়ায় সুন্দর করে তৈরী করেন। এ সম্পর্কে ইরশাদ হচ্ছে,

خَلَقَ الْإِنْسَانَ مِنْ صَلْصَالٍ كَالْفَخَّارِ.

অর্থ: "তিনি মানুষকে সৃষ্টি করেছেন পোড়া মাটির ন্যায় শুষ্ক ঠনঠনে মৃত্তিকা থেকে।" (সূরা আর রাহমান : ১৪) অন্যত্র আরো ইরশাদ হয়েছে,

وَلَقَدْ خَلَقْنَا الْإِنْسَانَ مِنْ سُلَالَةٍ مِنْ طِينٍ. ثُمَّ جَعَلْنَاهُ نُطْفَةً فِي قَرَارٍ مَكِينٍ. ثُمَّ خَلَقْنَا النُّطْفَةَ عَلَقَةً فَخَلَقْنَا الْعَلَقَةَ مُضْغَةً فَخَلَقْنَا الْمُضْغَةَ عِظَامًا فَكَسَوْنَا الْعِظَامَ لَحْمًا ثُمَّ أَنْشَأْنَاهُ خَلْقًا آخَرَ فَتَبَارَكَ اللَّهُ أَحْسَنُ الْخَالِقِينَ. ثُمَّ إِنَّكُمْ بَعْدَ ذَلِكَ لَمَيِّتُونَ. ثُمَّ إِنَّكُمْ يَوْمَ الْقِيَامَةِ تُبْعَثُونَ.

অর্থ: "আর অবশ্যই আমি মানুষকে মাটির নির্যাস থেকে সৃষ্টি করেছি। তারপর আমি তাকে শুক্ররূপে সংরক্ষিত আধারে স্থাপন করেছি। তারপর শুক্রকে আমি 'আলাকায় পরিণত করি। তারপর 'আলাকাকে গোশ্তপিন্ডে পরিণত করি। তারপর গোশ্তপিন্ডকে হাড়ে পরিণত করি। তারপর হাড়কে গোশ্ত দিয়ে আবৃত করি। অতঃপর তাকে অন্য এক সৃষ্টিরূপে গড়ে তুলি। অতএব সর্বোত্তম স্রষ্টা আল-াহ কত বরকতময়! এরপর অবশ্যই তোমরা মরবে। তারপর কিয়ামতের দিন অবশ্যই তোমরা পুনরুত্থিত হবে।" (সূরা মু'মিনুন : ১২-১৬) আরো ইরশাদ হয়েছে,

هُوَ الَّذِي خَلَقَكُمْ مِنْ تُرَابٍ ثُمَّ مِنْ نُطْفَةٍ ثُمَّ مِنْ عَلَقَةٍ ثُمَّ يُخْرِجُكُمْ طِفْلًا ثُمَّ لِتَبْلُغُوا أَشُدَّكُمْ ثُمَّ لِتَكُونُوا شُيُوخًا وَمِنْكُمْ مَنْ يُتَوَفَّى مِنْ قَبْلُ وَلِتَبْلُغُوا أَجَلًا مُسَمًى وَلَعَلَّكُمْ تَعْقِلُونَ.

অর্থ: "তিনিই তোমাদেরকে মাটি থেকে সৃষ্টি করেছেন। তারপর শুক্রবিন্দু থেকে, তারপর 'আলাকা' থেকে। অতঃপর তিনি তোমাদেরকে শিশুরূপে বের করে আনেন। তারপর যেন তোমরা তোমাদের যৌবনে পদার্পণ কর, অতঃপর যেন তোমরা বৃদ্ধ হয়ে যাও। আর তোমাদের কেউ কেউ এর পূর্বেই মারা যায়। আর যাতে তোমরা নির্ধারিত সময়ে পৌঁছে যাও। আর যাতে তোমরা অনুধাবন কর।" (সূরা গাফির : ৬৭)

এভাবে মানুষ মায়ের পেটে তৈরী হলো, পাঁচ মাস সময় চলে গেছে। বডি তৈরী হয়েছে। রূহ চলে এসেছে। ক্ষুধা লেগে গেছে। এবার মায়ের পেটে ক্ষুধা লাগলে খাওয়াবে কে? বাচ্চার খাবারের ব্যবস্থা করবে কে? এটি তো এমন এক স্থান যেখানে কোনো আন্দোলন করার সুযোগ নেই। এমনকি বাচ্চার জন্য কান্না-কাটি করাও সম্ভব নয়। সেখানে কে খাবার দিবে?

আল-াহু আকবার! দেখুন, যিনি সৃষ্টি করেছেন তিনিই খাবারের ব্যবস্থা করছেন। আল-াহ রাব্বুল আলামীন নিজের থেকে বুঝে শুনে মায়ের মাসিক ঋতুস্রাব বন্ধ করে দিয়ে শিশুর নাভির সাথে মায়ের নাভি সংযুক্ত করে দিয়ে বাচ্চার খাবারের ব্যবস্থা করেছেন। যাতে করে বাচ্চার কান্না-কাটি না করতে হয়। যেন বাচ্চার কষ্ট না হয়। যিনি এমনটি করেছেন তিনিই হলেন রব। সুবহানাল-াহ। ইরশাদ হচ্ছে:

قَالَ رَبُّنَا الَّذِي أَعْطَى كُلَّ شَيْءٍ خَلْقَهُ ثُمَّ هَدَى.

অর্থ: "হযরত মূসা আ. বললেন, আমার রব হচ্ছেন তিনি, যিনি সকল মাখলুকাতকে সৃষ্টি করেছেন এরপর সৃষ্টি থেকে পূর্ণতায় পৌঁছানো পর্যন্ড় প্রয়োজনীয় সকল কিছুর যিনি ব্যবস্থা করে দেন।" (সূরা ত্বহা : ৫০)

এখানে রবের আলোচনা থেকে শুর করা হয়েছে। কারণ রব থেকে উলুহিয়্যাতের আলোচনা আসবে। আল-াহ তাআলা এখানে বুঝিয়ে দিলেন যে, তিনিই হচ্ছেন রব। এবার মায়ের পেটে থেকে সন্ড়ান ধীরে ধীরে বড় হলো। সন্ড়ানের বয়স বাড়লো ৯ মাস পূর্ণ হলো ১০ দিন পেরিয়ে গেলো। এবার সে দুনিয়াতে আসলো। এখন তার খাবারের প্রয়োজন। দুনিয়াতে এসেই তো শিশু বাচ্চা মানুষের তৈরী খাবার খেতে পারবে না। ঠান্ডা হলে সর্দি লাগবে। গরম হলে মুখ পুড়ে যাবে। শক্ত হলে গলায় আটকে যাবে। তার শরীর এখন দূর্বল। খুবই দূর্বল। বিভিন্ন রোগ-জীবানু এসে তাকে আক্রমণ করবে। তাই তার জন্য চাই শক্তিবর্ধনকারী, রোগ প্রতিরোধকারী এবং সুষম খাবার। এমন খাবার যা কোন মানুষ তৈরী করে দিতে পারবে না। কে ব্যবস্থা করবে সন্ড়ানের জন্য অপরিহার্য্য প্রয়োজনীয় এমন খাবারের? এবারও মহান আল-াহ রাব্বুল আলামীন নিজের থেকে বুঝে শুনে শিশুর জন্য তার মায়ের বুকের মাঝে এমন এক দুধ তৈরী করলেন যার বিকল্প আজ পর্যন্ড় কেউ করে দেখাতে পারেনি। মায়ের দুধের মধ্যে প্রথম যেই শালদুধ বের হয় তা অন্য দুধ থেকে একটু গাঢ় হয়। হলুদ বা হালকা হলুদ রঙের। ঘন দুধ। আগে গ্রামের অশিক্ষিত মেয়েরা বলতো যে, এই শালদুধ ফেলে দিতে হবে। কারণ এটি খেলে নাকি ধনুষ্টংকার রোগ হবে। আল-াহ কি এই দুধ ফেলে দেয়ার জন্য বা ধনুষ্টংকার হওয়ার জন্য সৃষ্টি করেছেন? কখনো নয়। বিজ্ঞান আবিস্কার করেছে, পরীক্ষা-নিরীক্ষা করে ডাক্তাররা আবিষ্কার করেছেন যে, জন্মগ্রহণের পর শিশুর জন্য সবচেয়ে অপরিহার্য্য পানাহার হচ্ছে মায়ের শালদুধ। তাই আজকাল যে কোন হাসপাতালে দেখবেন লেখা রয়েছে, জন্মের পরই শিশুকে মায়ের শালদুধ খাওয়ান। কেননা, এই দুধের মাঝে একদিকে খাবার আছে, অপর দিকে রয়েছে পানীয় সমানভাবে এতে আছে রোগ প্রতিরোধকারী ঔষধও। এভাবে মহান আল-াহ রাব্বুল আলামীন

মায়ের বুকের দুধের মাঝে সন্ড়ানের জন্য খাবার, পানীয় এবং ঔষধ তৈরী করে তাকে প্রতিপালনের ব্যবস্থা করেছেন। এর নামই হলো রব।

এবার বাচ্চা দুধ পান করে করে বড় হচ্ছে। প্রায় ২ বছর বয়স হয়ে গেলো। এবার তার খিচুরী খেতে হবে। মুরগীর বাচ্চা খেতে হবে। এবার মহান আল-াহ সেই বাচ্চার মুখে দাঁত গজিয়ে দিলেন। বাচ্চা সেই দাঁত দিয়ে খিচুরী খেতে লাগলো। মুরগী-কবুতরের বাচ্চা খেতে লাগলো। খেতে খেতে বড় হতে লাগলো। এভাবে বড় হতে হতে তার বয়স ৭/৮ বছর হয়ে গেলো। এবার শুধু বাচ্চা মুরগীতেই কাজ হবে না। তার গরর গোশত, খাসীর গোশত এবং হাড্ডি চাবাতে হবে। তাই মহান আল-াহ এবার তার মুখের সেই কচি দাঁত গুলো ফেলে দিয়ে ধীরে ধীরে সেখানে শক্ত ও কোনাচে কোনাচে দাঁত গজিয়ে দিলেন। মুখটাও একটু একটু করে বড় হতে লাগলো। দাঁতের সংখ্যাও বাড়তে লাগলো। কি সুন্দর ব্যবস্থা। এক সাথে নয়। ধীরে ধীরে এই পরিবর্তন হতে লাগলো। সুবহানাল-াহ। - ইনিই হলেন সেই রব। যিনি কোন দরখাস্ড় বা আবেদন ছাড়াই নিজের পক্ষ থেকে বুঝে শুনে এই সকল ব্যবস্থা করছেন তিনিই হলেন সেই মহিমান্বিত রব।

وَالَّذِي هُوَ يُطْعِمُنِي وَيَسْقِينِ. وَإِذَا مَرِضْتُ فَهُوَ يَشْفِينِ.

অর্থ: "(তিনিই আমার রব) যিনি আমাকে খাবার ও পানীয় সরবরাহ করেন, যখন আমি অসুস্থ্য হই তখন তিনি আমাকে সুস্থ্য করেন।" (সূরা শুআরা : ৭৯-৮০) এজন্যই মহান আল-াহ অন্যত্র বলছেন,

وَفِي أَنْفُسِكُمْ أَفَلَا تُبْصِرُونَ.

অর্থ: "আর তোমাদের মধ্যেও (ভালোভাবে লক্ষ্য করো) আমার পরিচয় পেয়ে যাবে। এরপরও কি তোমরা অনুধাবন করবে না?" (যারিয়াত : ২১) অন্যান্য প্রাণীর মতো মানুষও তো একটি প্রাণী। মানুষের আলোচনা বাদ থাকবে কেন, আল-াহ বলছেন তোমরা আমাকে চেনার জন্য এবার তোমরা তোমাদের নিজেদের মধ্যে লক্ষ্য করো, আমার পরিচয় পেয়ে যাবে। এই পৃথিবীতে মহান আল-াহ যা কিছু সৃষ্টি করেছেন, আগুন, মাটি, মরভূমি, সাগর, পানি, বাতাস তার সবই এই মানুষের মধ্যে নমুনা রেখেছেন। বিজ্ঞানীরা আবিষ্কার করেছেন মানুষের রক্তের মাঝে অনেক

ব্যাকটেরিয়া চলাচল করে। মানুষের মুখের মধ্যে ২০০ প্রজাতির জীবানু বাস করে। সাধারণ ঝড় তুফানের গতি ১৫০ থেকে ২০০ কিলোমিটার পর্যন্ড় হয়। ২০০ কিলোমিটার গতির ঝর হলে মানুষ পর্যন্ড় উড়িয়ে নিয়ে যায়। বিজ্ঞান গবেষণা করে দেখেছে মানুষের নাকের ভেতর যে পশমের নেট আছে তা ভেদ করে যখন ভেতরে ধুলো-বালি প্রবেশ করে তখন নাকের পানি দিয়ে তা বের করা হয়। এরপরও যদি কিছু ভেতরে থাকে তাহলে যখন হাঁচি আসে। হাঁচির গতিবেগ হলো ২০০ কিলোমিটার। এই গতির মাধ্যমে ভেতরের সকল ধুলো-কণা ও রোগ-জীবানু বের করে দেয়া হয়। সুবহানাল-াহ।

এবার মহান আল-াহ বলছেন, হে মানুষ তোমরা এবার চিন্ড়া করে দেখো তোমার নিজের ভেতরকার এই মিনি পৃথিবী চালাবার মতো অন্য কেউ আছে কি না। দুনিয়ার সকল জ্ঞানী-বিজ্ঞানীরা এ ব্যাপারে একমত যে, এই ছোট্ট পৃথিবীটাকে পরিচালনা করার জন্য একটি শক্তি কাজ করছে। যেটা থাকলে মানুষ কথা বলতে পারে, না থাকলে মানুষ মৃত লাশ হয়ে যায়। যেটা থাকলে সন্ড়ান বাবা ডাকে, স্ত্রী স্বামী ডাকে, পাড়া-প্রতিবেশী সম্মান করে। ওটা না থাকলে সবাই বলে একে তাড়াতাড়ি দাফন করে দাও। সবাই বুঝে একটা শক্তি আছে। যাকে আরবীতে বলে রূহ। বাংলায় বলে প্রাণ। এজন্য রূহ বিষয়ে মানুষের কৌতুহল ছিলো আগে থেকেই। এমনকি আল-াহর রাসূল সা. কে পর্যন্ড় কাফিররা জিজ্ঞাসা করেছিলো এ সম্পর্কে। সূরায়ে ইসরা'র মধ্যে আছে। ইরশাদ হচ্ছে:

وَيَسْأَلُونَكَ عَنِ الرُّوحِ قُلِ الرُّوحُ مِنْ أَمْرِ رَبِّي وَمَا أُوتِيتُمْ مِنَ الْعِلْمِ إِلا قَلِيلًا

অর্থ: "হে নবী! তারা আপনার কাছে জানতে চায় রূহ সম্পর্কে, আপনি বলে দিন রূহ হচ্ছে আমার রবের একটি আদেশমাত্র। (এর বেশি আর কি বোঝাবো তোমাদের) এব্যাপারে তোমাদেরকে খুব কমই জ্ঞান দেয়া হয়েছে।" (সূরা ইসরা, আয়াত ৮৫)

এটি এমন এক বিষয় যা বুঝানোর জন্য একটি উপমা দেয়া যায়। যেমন কূয়ার ব্যাঙ সাগরের ব্যাংঙ এর কাছে জিজ্ঞাসা করছে, তোমার সাগরে পানি কতটুকু? সাগরের ব্যাং চুপ করে বসে আছে। চিন্ড়া করছে এই কূয়ার ব্যাংকে সে কিভাবে সাগরের পানি সম্পর্কে ধারণা দিবে। এরপর আবারো কূয়ার ব্যাং একটি লাফ দিয়ে বললো তোমার সাগরের পানি কি

আমার এই কূয়ার পানির অর্ধেক হবে। সাগরের ব্যাং বললো, হ্যাঁ হবে। অর্থাৎ কূয়ার ব্যাংকে একটি প্রবোধ দিলো মাত্র।

মহান আল-াহ তা'আলাও একইভাবে কাফিরদেরকে লক্ষ্য করে ঘোষণা করলেন, আরে তোমরা রূহ সম্পর্কে জানতে চাও, অথচ তার সম্পর্কে ধারণা পাওয়ার জন্য যেই সক্ষমতা থাকা দরকার তার কিছুই তো তোমাদের নেই। তোমরা কেবল এতোটুকুই বুঝে নাও যে সেটি আমার একটি আদেশ।

সত্যিই তো, আল-াহর আদেশ যতক্ষণ পর্যন্ড় থাকে ততক্ষণ পর্যন্ড় কাজ করে। আদেশ শেষ কাজও শেষ হয়ে যায়। আল-াহ বুঝাতে চাচ্ছেন, হে মানব, তোমার এই ছোট্ট পৃথিবীকে পরিচালনা করতে যদি একটি শক্তি প্রয়োজন হয় -যা তোমরা সকলেই মানো। তাহলে তোমরা এখান থেকেই বুঝে নাও যে, এই বিশাল বিশ্ব, আকাশ-নক্ষত্র, চন্দ্র-সূর্য, সাগর-নদী এই সব গুলোকেও পরিচালনা করার জন্য একজন আছেন, তিনিই হচ্ছেন রব।

الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ.

অর্থ: "সকল প্রশংসা সারা জাহানের সেই রবের জন্যই।" সূরায়ে ফাতিহা।

এখন প্রশ্ন হতে পারে আল-াহ বা এই রব কয়জন? এই প্রশ্নের উত্তর পাওয়ার জন্য হে মানুষ, তুমি তোমার নিজের মাঝেই চিন্ড়া করো। সকল বিজ্ঞানী, মহা বিজ্ঞানীদেরকে ডেকে জিজ্ঞেস করো তোমার এই ছোট্ট পৃথিবী নিয়ন্ত্রণ করার যদি একের অধিক শক্তি থাকে তাহলে অবস্থা কেমন হবে?

সকল জ্ঞানী-বিজ্ঞানী বলে যে, মানুষের রূহ একটিই। যদি একাধিক রূহ থাকতো তাহলে সর্বনাশ হয়ে যেতো। একটি রূহ বলতো আজকে ঠান্ডা প্রয়োজন। আরেকটি রূহ বলতো গরম দরকার। এই দুই রূহের সংঘর্ষে দেহটাই ধ্বংস হয়ে যেতো। একইভাবে বিষয়টি সমগ্র বিশ্ব নিয়ে ভেবে দেখো। যদি এই পুরো বিশ্ব জাহানে এক রবের অধিক কোন নিয়ন্ত্রক ও ইলাহ থাকে তাহলে কি হবে?

لَوْ كَانَ فِيهِمَا آلِهَةٌ إِلا اللَّهُ لَفَسَدَتَا فَسُبْحَانَ اللَّهِ رَبِّ الْعَرْشِ عَمَّا يَصِفُونَ.

অর্থ: “যদি এই জগতে এক আল-াহ ছাড়া আরো কোন ইলাহ থাকতো, তবে এটি ধ্বংস হয়ে যেতো।” (সূরায়ে আম্বিয়া, আয়াত ২২)।

যদি বলেন যে, আল-াহর রং ও কালার কি? দৈর্ঘ্য প্রস্থ কি? আল-াহ বলেন, তুমি তোমার মাঝে গবেষণা করো। তোমার দেহটা পরিচালনার জন্য যেই রূহ টা রয়েছে, তার দৈর্ঘ্য কি? প্রস্থ কি? তার ভেদ কি? কালার কি? বলা যাবে কিছু? মহান আল-াহ তার সম্পর্কে এতোটুকু বলেছেন,

الرَّحْمَنُ عَلَى الْعَرْشِ اسْتَوَى.

অর্থ: “আল-াহ তা’আলা আরশে সমাসীন।” (সূরায়ে ত্বহা, আয়াত ৫)।

وَأَنَّ اللَّهَ قَدْ أَحَاطَ بِكُلِّ شَيْءٍ عِلْمًا.

অর্থ: “আল-াহ তা’আলা সকল কিছুকে তার ইলম দ্বারা বেষ্টন করে রেখেছেন।” (সূরায়ে তালাক, আয়াত ১২)।

এখন আল-াহ কিভাবে আরশে আছেন, সেটি আমাদের জানা নেই। এজন্য বলেছেন তোমার রূহ নিয়ে চিন্ড়া করো। তোমার ভেতরে তোমার রূহ আছে এর দৈর্ঘ্য, প্রস্থ এব অবস্থান সম্পর্কে যদি চিন্ড়া করো তবে তুমি তোমার রব সম্পর্কে ধারণা পেয়ে যাবে। তার পরিচয় পেয়ে যাবে। রূহের কোন কালার নেই। রূহের দৈর্ঘ্য, প্রস্থ আমরা জানি না। যদি শরীরের কোথাও একটি পিঁপড়া কামড় দেয় বা কোন অংঙ্গে আঘাত পাওয়া যায় তাহলে যেখানেই সমস্যা হোক না কেন রূহের মাধ্যমে আমরা বুঝে ফেলি যে, কোথায় ব্যাথা। একইভাবে মহান আল-াহও সেই আটলান্টিক মহাসাগড়ের নীচেও যদি কোন পিপিলিকা চলে তাহলে তিনি সেটিও দেখতে পান এবং তার সম্পর্কেও খবর রাখেন।

সুতরাং আমাদের এই দেহটি যে পরিচালনা করে সেই রূহ সম্পর্কেই যদি আমরা কিছু জানতে না পারি তাহলে কিভাবে সকল জগতের রব সেই মহান আল-াহর অবস্থান ও দৈর্ঘ্য, প্রস্থ সম্পর্কে কি বুঝবো?

মহান আল-াহর জ্ঞানের বিশালতা সম্পর্কে অন্যত্র ইরশাদ হচ্ছে,

اللَّهُ لا إِلَهَ إِلا هُوَ الْحَيُّ الْقَيُّومُ لا تَأْخُذُهُ سِنَةٌ وَلا نَوْمٌ لَهُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ مَنْ ذَا الَّذِي يَشْفَعُ عِنْدَهُ إِلا بِإِذْنِهِ يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيهِمْ وَمَا خَلْفَهُمْ

وَلا يُحِيطُونَ بِشَيْءٍ مِنْ عِلْمِهِ إِلا بِمَا شَاءَ وَسِعَ كُرْسِيُّهُ السَّمَاوَاتِ وَالْأَرْضَ وَلا يَئُودُهُ حِفْظُهُمَا وَهُوَ الْعَلِيُّ الْعَظِيمُ

অর্থ: “তিনিই সেই মহান আল-াহ, যিনি ছাড়া আর কোন ইলাহ নেই। তিনি চিরঞ্জীব ও চিরস্থায়ী। তার কখনো তন্দ্রা বা নিদ্রা কিছুই আসে না। আসমান এবং জমীনের সকল কর্তৃত্ব কেবলমাত্র তারই জন্য নির্দিষ্ট। কে এমন আছে, যে তার অনুমতি ব্যতীত তার কাছে সুপারিশ করবে? কিন্তু তিনি যাকে অনুমতি দিবেন তার কথা ভিন্ন। তিনি তার সামনে পিছনের সকল বিষয়ে সমানভাবে অবগত। তার জ্ঞানের বিশালতাকে কোন কিছুই স্পর্শ করতে পারে না। কিন্তু তিনি যা চান তা ব্যতীত। তার কুরসী আসমান এবং যমীনে বিস্ড়ৃত এবং তিনি কখনো ক্লান্ড় হননা। তিনিই শ্রেষ্ঠ, সুমহান।” (সূরায়ে বাকারা, আয়াত ২৫৫)।

এজন্যই যারা মহান আল-াহর সৃষ্টি নিয়ে চিন্ড়া করেন, যেই সকল বিজ্ঞানী মহা-বিজ্ঞানী গবেষণা করেন তারা মহান আল-াহর সামনে নত হয়ে আসেন। আল-াহর অস্ড়িত্ব তারা অনুভব করেন এবং এক সময় ঈমান আনেন। যারা মহান আল-াহর এই সকল সৃষ্টির পরিচালনা নিয়ে চিন্ড়া করেন তারা বুঝেন যে এগুলো কোন একজন পরিচালক ছাড়া চলতে পারে না, আর সেই পরিচালকই হচ্ছেন মহান রব বা আল-াহ। তাই তারা আল-াহর পরিচয় পেয়ে যান।

ইমাম আবূ হানীফা রা. এর সময়ের একটি ঘটনা। সেই সময়কার খলীফার দরবারে একবার একজন উচ্চ শিক্ষিত নাস্ড়িক এসে বললো, আল-াহ বলে কিছু নেই। যদি প্রমাণ করতে পারো তাহলে আমি মানবো। তোমাদের মধ্যে কে জ্ঞানী আছে তাকে ডাকো। খলীফার অনুরোধ করলেন হযরত ইমাম আবূ হানীফা রহ. কে সেই নাস্ড়িকের সাথে আলোচনা করার জন্য। সময় দেয়া হলে ধরেন বিকাল ৩ টা। ইমাম সাহেব আসলেন অনেক পরে। একেবারে ৫ টা বাজে। নাস্ড়িক এর মধ্যে খুশি হয়ে গেলো যে, ইমাম আবূ হানীফা ভয় পেয়েছেন। তিনি পরাজিত হবেন বলে দেরি করছেন। এরপর যখন ইমাম আবূ হানীফা রহ. আসলেন তখন সেই নাস্ড়িক তাকে জিজ্ঞাসা করলেন যে, ইমাম সাহেব আপনি এতো দেরি করলেন কেন? আপনার না ৩ টা বাজে আসার কথা?

তখন জবাবে আবূ হানীফা রহ. বললেন, দেখো আমার বাড়ি দজলা নদীর ঐ পাড়ে। আর আলোচনার এই স্থান হলো এই পাড়ে। আসতে হলে নদী পার হওয়ার জন্য নৌকার প্রয়োজন। আমি নদীর পাড়ে এসে দেখলাম সেখানে নদী পাড়াপাড়ের মতো কোন ব্যবস্থা নেই। কোন নৌকা নেই। অনেকক্ষণ অপেক্ষা করলাম। অনেকক্ষণ পরে দেখলাম নদীর ভেতর থেকে বিশাল এক গাছ বের হয়ে আসলো। কি আশ্চর্য যে, গাছটি আস্তে তক্তা হয়ে গেলো। এরপর তক্তা গুলো একটি আরেকটির সাথে লেগে যাচ্ছে। এরপর দেখলাম পেরেক চলে এলো। সেই পেরেক গুলো তক্তার গায়ে লেগে গেলো। এরপর একটি নৌকা হয়ে গেলো। সেই নৌকাটি এসে নদীর পারে আমার কাছে ভিড়লো। আমি তাতে উঠে এখানে আসলাম। এই জন্য আমার দেরি হয়ে গেছে।

নাস্তিক এই ঘটনা শুনে বললো, আরে আমি তো শুনেছিলাম আপনি নাকি বড় একজন জ্ঞানী। তাই আপনার সাথে আলোচনা করতে এসেছিলাম। এখন তো দেখছি আপনি একজন মহা বোকা। আপনার সাথে কি কথা বলবো। এটা কিভাবে সম্ভব যে, যে নদীর মাঝ থেকে গাছ এসে তক্তা হয়ে পেরেক লেগে নৌকা হয়ে গেলো। এটা অসম্ভব।

এবার ইমাম আবূ হানীফা রহ. বললেন, আরে বোকা আমি না, বোকা হলে তুমি। তোমার সাথে আমার আলোচনা শেষ হয়ে গেছে। তুমি যেহেতু বস্তুবাদী তাই আমি তোমার সাথে কুরআন-হাদীস নিয়ে আলোচনা করবো না, বস্তু দিয়েই তোমাকে জবাব দিবো। তুমি এতোই বোকা যে একটি নৌকা এমনি এমনি তৈরী হওয়াকে তুমি মানতে পারো না, তার একজন স্রষ্ঠা খোঁজো। অথচ তোমার মতো এমন সুন্দর একটি মানুষ, যার নাক আছে, কান আছে, চোখ আছে এবং সব গুলো অঙ্গ প্রত্যঙ্গ তার আপন আপন স্থানে খুবই সুন্দরভাবে ফিট করা হয়েছে এটি কিভাবে একজন স্রষ্টা ব্যতীত এমনি এমনি হতে পারে তা তুমি চিন্তা করলে না? তোমার জন্য চন্দ্র-সূর্য, গ্রহ-নক্ষত্র সব কিছু কে সৃষ্টি করে দিলেন তা নিয়ে তুমি গবেষণা করে আল-াহর পরিচয় পেলে না তোমার চেয়ে বোকা আর কে আছে?

এবার নাস্তিক তার ভুল বুঝতে পারলো। আমাদেরও বুঝতে হবে যে, এই সকল সৃষ্টির মাঝেই মহান আল-াহর পরিচয় লুকিয়ে আছে। আমি আপনি

মহান আল-াহর যে কোনো সৃষ্টির দিকে তাকালেই তার পরিচয় পেতে পারি। আল-াহ আমাদের কবুল করুন।

জুমার বয়ান। তারিখ : ১২-০৬-২০০৯
স্থান : হাতেম বাগ জামে মসজিদ, ধানমন্ডি ঢাকা।

প্রাণীজগত দ্বারা আল-াহর পরিচয়-১

আল-াহ রাব্বুল আলামীন শুধু মানুষের জন্যই নয়। বরং সকল মাখলুকাতেরই ব্যবস্থা করছেন। ডিম থেকে হাস, মুরগী, কুমীর, কচ্ছপ, সাপসহ অনেক প্রাণীর বাচ্চা হয়ে থাকে। আপনার দেখবেন ডিমের ভেতর দু'টি অংশ থাকে। একটি হলো সাদা, অপরটি হলুদ বা লাল। বিজ্ঞান আবিষ্কার করেছে ডিমের হলুদ অংশ দিয়ে বাচ্চা তৈরী হয়। ডিমের ভেতরে তো আর তার মায়ের নাভির সাথে সম্পর্ক দেয়া সম্ভব নয়, এখানে

তার খাবারের ব্যবস্থা হবে কিভাবে? মহান আল-াহ এখানে তার খাবারের ব্যবস্থা করলেন ডিমের অবশিষ্ট্য সাদা অংশ দ্বারা। এভাবে যখন ডিমের ভেতর বাচ্চা বড় হয়ে গেলো, ডিমের ভেতরের সাদা খাবার শেষ হয়ে গেলো তখন আল-াহ তাকে জ্ঞান দিলেন এবার তুমি দুনিয়াতে আসতে পারে। দুনিয়াতে আসার জন্য তুমি তোমার ঠোঁট দ্বারা তোমার চারপাশের প্রাচীরে আঘাত করো। এটা কোন চীনের মহাপ্রাচীর নয়। তুমি আঘাত করলে তা ভেঙ্গে যাবে। বাচ্চা তখন ডিমের ভেতর বসে সমানভাবে চারপাশে আঘাত করতে থাকে। একটা পর্যায়ে যখন চতুর্পাশ্ব দূর্বল হয়ে যায় তখন সে মাথা দিয়ে উপর দিকে ধাক্কা দেয়। উপরের ছাদ সরে যায়, সে দুনিয়াতে বেড়িয়ে আসে।

দুনিয়াতে আসার পর মনে হয় সে কি প্রশিক্ষণ প্রাপ্ত। মুরগীর বাচ্চা যখন চিল দেখে তখন তার মা একটি আওয়াজ করলে সে দৌড়ে এসে তার মায়ের আচলের নিচে আশ্রয় নেয়। মুরগীর বাচ্চা আর হাসের বাচ্চা একই সাথে বড় হলেও আপনারা দেখবেন যে, হাসের বাচ্চা যখন পানি দেখে তখন সে আনন্দে নেচে ওঠে। সাঁতার কাটতে শুরু করে। তার মনে কোন ভয় নেই। সে মনে করে যে পানি মনে হয় তার জন্যই সৃষ্টি করা হয়েছে। পক্ষান্ড়রে মুরগীর বাচ্চা পানির কাছে নিয়ে যান, পানিতে নামবে? মরতে রাজি কিন্তু পানিতে নামতে সে রাজি হবে না। কে তাকে শিক্ষা দিলো যে, পানি তার জন্য উপযুক্ত নয়? কে তাকে বোঝালো যে, তুমি পানিতে নামবে না। পানিতে নামলে তোমার ক্ষতি হবে। যিনি তাকে এই শিক্ষা দিয়েছেন তিনিই হলেন সেই রব।

শীতকালে শীতপ্রধান দেশগুলোতে যখন অধিক ঠান্ডার কারণে পানি বরফ হয়ে যায়, অতিথী পাখীদের জন্য তাদের প্রয়োজনীয় খাবার সংগ্রহ করা এবং সেখানে থাকা যখন কষ্টকর হয়ে যায় তখন তারা সেখান থেকে হিজরত করে। বাংলাদেশের হাওড়-বাওর খাল-বিলে চলে আসে। আনন্দে নেচে-গেয়ে একেবারে মাতিয়ে তোলে। তাদের জন্য সরকারও নিরাপত্তা দিয়েছে। কেউ এই সকল পাখি শিকার করলে তার জন্য শাস্ড়ি আছে। এরপর যখন শীত চলে যায় তখন কি এরা এখানে বসে থাকে? না। তারা আবার তাদের আগের স্থানে চলে যায়। কে তাদেরকে এই জ্ঞান দান করেছেন? -তিনিই সেই রব।

একটি বাবুই পাখি যখন তালগাছে বাসা বাঁধে তখন কি সুন্দর করে তারা বাসা বানায়। বাসা বানানোর পর যাতে করে স্ত্রীর মুখ দেখা যায় সেজন্য কাঁদা দিয়ে তা রং করে। এরপর জোনাকি পোকা দিয়ে আলোর ব্যবস্থা করে। কারণ সেখানে তো আর বিদুৎ বিভাগের পক্ষ থেকে বিদুৎ সাপ-াই দেয়া হবে না।

এইভাবে আপনারা দেখবেন যে প্রত্যেকটা প্রাণী যার যা প্রয়োজন মহান আল-াহ তার ব্যবস্থা করে দিয়েছেন। এমনকি আমাদের দেশের কুকুর গুলোর গায়ে পশম কম। বিদেশের কুকুরগুলির গায়ে পশম বেশী থাকে। কেন? কারণ সেখানে শীত বেশি। শীতের সময় মানুষ যখন কম্বল গায়ে দিয়ে শীত নিবারণ করে কুকুর গুলোর গায়ে কম্বল পড়াবে কে? সুবহানাল-াহ মহান আল-াহ তাদের শরীরে পশম বাড়িয়ে দিয়ে তাদের জন্য স্থায়ী কম্বলের ব্যবস্থা করে দিয়েছেন। আমাদের দেশের কুকুরদেরও যদি এরকম বেশী পশম থাকতো তাহলে গরমের দিন মহিষ যেমন পানিতে সাঁতরায় তেমনি কুকুর গুলোকেও পানিতে সাঁতরাতে হতো।

হায়াতুল হায়াওয়ান বইতে দেখলাম, ঘোড়ার ঘাড়ে যে পশম কেন এই পশম? এই পশম গুলো দিয়ে সে গরম নেয়। একইভাবে ইঁদুরের যে লম্বা লেজ এই লেজ দিয়ে সে তার শরীরের এয়ার কন্ডিশনের ব্যবস্থা করে। যখন তাপ বেড়ে যায় তখন সে এই লেজ দিয়ে তার শরীরের অতিরিক্ত তাপ বাহির করে দেয় আবার যখন তাপ কমে যায় তখন সে এই লেজ দিয়ে তার শরীরে তাপ বাড়ায়। কি সুন্দর ব্যবস্থা মহান আল-াহ করে দিয়েছেন। এজন্যই বলা হয়েছে।

الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ.

অর্থ: "সকল প্রশংসা সেই আল-াহর জন্য যিনি জগত সমূহের রব।"

অর্থাৎ মহান আল-াহ স্থলভাগ, আকাশ, সমূদ্র ও পানি জগতসহ সকল জগতের রব। ধারাবাহিকভাবে এগুলো আলোচনায় আসবে। মহান আল-াহও এগুলো নিয়ে আলোচনা করতে বলেছেন। যেমন ইরশাদ হয়েছে,

وَيَتَفَكَّرُونَ فِي خَلْقِ السَّمَاوَاتِ وَالْأَرْضِ رَبَّنَا مَا خَلَقْتَ هَذَا بَاطِلًا سُبْحَانَكَ فَقِنَا عَذَابَ النَّارِ.

অর্থ: “যারা আল-াহর সৃষ্টি নিয়ে গবেষণা করে, (তারা বলে) হে আমাদের রব তুমি কিছুই অহেতুক সৃষ্টি করো নি। আমি তোমার পবিত্রতা ঘোষণা করছি। তুমি আমাদেরকে জাহান্নামের আযাব থেকে রক্ষা করো।” (সূরা আলে ইমরান, আয়াত ১৯১)।

তাই যে সকল জ্ঞানীরা এগুলো নিয়ে আলোচনা করে দেখবেন তারা অবশেষে কুরআনের সামনে নত হয়ে আসেন। বহু বিজ্ঞানীদের মত আছে স্রষ্টা সম্পর্কে। এজন্যই বলা হয় যে বিজ্ঞানীরা নাস্তিক হয় না। এমনিও দুনিয়াতে নাস্তিকদের সংখ্যা অতি নগন্য। কিন্তু বর্তমানে দেখা যাচ্ছে যে নাস্তিকদের সংখ্যা বেড়ে যাচ্ছে। দায়ীদের জন্য এ বিষয়গুলো খেয়াল করা উচিত। ডারউইনের অনুসারী আগে খুব কম ছিলো। কিন্তু বর্তমানে বিশ্ববিদ্যালয় গুলোতে নাস্তিকদের লেখা পড়ানোর কারণে সমাজে নাস্তিকদের সংখ্যা ভাড়ী হচ্ছে।

ডারউইনের বক্তব্য মানুষ নাকি বানর থেকে এসেছে। গাছে ঝুলতে ঝুলতে ঘসা লেগে লেগে এক সময় তার লেজ পড়ে যায় এবং সে মানুষ হয়ে যায়। সে বলে বিশ্বাস না হলে পেছনে হাত দিয়ে দেখো এখনো সেখানে পূর্বের লেজের আলামত নাকি দেখা যায়। আরে বোকার দল, এখনও চিড়িয়াখানায় বানর দেখা যায়। বনে জঙ্গলে লক্ষ লক্ষ বানর পাওয়া যাবে। যদি সত্যিই মানুষ বানর থেকে এসে থাকে তাহলে এখন আধা মানুষ আধা বানর, বা পোয়া মানুষ পাওয়া যায় না কেন? এখন সেই বিবর্তন বন্ধ কেন? কোন একটি প্রাণীর সঙ্গে অপর প্রাণীর কোন একদিকে মিল থাকলেই যে সে তার অংশ এটি সম্পূর্ণ বোকার প্রলাপ ছাড়া আর কিছুই নয়। পাবদা মাছ আর বোয়াল মাছ দেখতে প্রায় এক হলেও পাবদা মাছ কিন্তু বোয়াল মাছের পূর্বপুরুষ নয়। গজাল মাছ, শৌল মাছ, টাকি মাছের মধ্যে মিল আছে, তাই বলে কি এগুলো একটি অপরটির পূর্ব পুরুষ? মোটেই নয়।

এরকমভাবে আরেক বিজ্ঞানী আবিষ্কার করলেন যে এই পৃথিবী নাকি একটি মহা বিষ্ফোরণের ফলে সৃষ্টি হয়েছে। তারা বিগব্যাং আবিস্কার করলো আর খুব খুশি হলো। এর বিপক্ষের বক্তব্য আমরা কুরআন এবং বিজ্ঞান থেকে দেখানোর চেষ্টা করবো ইনশাআল-াহ। এজন্যই আমরা বলেছি সত্যিকারের বিজ্ঞানী যারা তারা কুরআনের সামনে নত হয়ে আসে। আল-াহর দীনের সামনে নত হয়ে আসে। তুলা গাছেও ফল হয় তুলা হয়।

আর আম-কাঠাল গাছেও ফল হয়। কিন্তু তুলা গাছের তুলা যখন পাকে তখন তা হাল্কা হয়ে উপরের দিকে উঠে যায়। ঘার মোটা হয়ে যায় এরপর তা ফেটে যায় এবং বাতাসে উড়ে যায়। পক্ষান্তরে অন্যান্য উপকারী ফল গাছের ফল পাকলে তা নত হয়ে নিচের দিকে নেমে আসে।

একইভাবে নাস্তিক যারা তারা দুনিয়াতে থাকে যেন দুনিয়াই সর্বস্ব। খাও-দাও ফুর্তি করো। দুনিয়াটা মস্ত বড়ো। মক্কায়ও এধরণের গুটি কতেক মুশরিক ছিলো। তাদের সম্পর্কে কুরআনে মহান আল-াহ বলেছেন,

إِنْ هِيَ إِلا حَيَاتُنَا الدُّنْيَا نَمُوتُ وَنَحْيَا وَمَا نَحْنُ بِمَبْعُوثِينَ (37)

অর্থ: “জীবন তো কেবলমাত্র একটিই, (খাবো আর আনন্দ ফুর্তি করবো)। আমরা মরে যাই এবং বেঁচে থাকি। আমরা কখনোই পুনুরুজ্জীবিত হবো না।” (সূরা মু'মিনুন, আয়াত ৩৭)

নাস্তিকরা এসব অন্যদেরকেও শেখায়। এরপর মরার আগে তাদের মনে ভয় ঢুকে। তারা তখন বলতে থাকে আমাকে হাসপাতালে দান করো। কবর দিয়ো না। কারণ তারা জানে যদি তাকে কবর দেয়া হয় তাহলে তাকে সেই কবরের মাঝে এমন বাড়ি মারা হবে মাথা ভেঙ্গে ৭০ গজ দূরে চলে যাবে। আবার তা জোড়া লাগবে আবার বাড়ি মারা হবে। এই ভয় মৃত্যুর আগে তাদের মনে ঢুকে আল-াহই এটি তাদের ভেতর ঢুকিয়ে দেন। এজন্যই তারা বলে, আমাকে কবর দিয়ো না, হাসপাতালে দান করো।

